গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

বিষয়: ডিসেম্বর/ ২০২৫ মাসের উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর মাঠ পর্যায়ে চলমান কার্যক্রমের প্রাপ্ত সমস্যাদি সংক্রান্ত মাসিক মনিটরিং বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : দেবব্রত চক্রবর্তী
: মহাপরিচারক (অতিরিক্ত দায়িত্ব), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সম্মেলন কক্ষ।
তারিখ : ২৮.০১.২০২৬
সময় : বিকাল- ৩.০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) জেলা ভিত্তিক সমস্যাদি নিয়ে আলোচনা:

| ক্র: | সমস্যাদি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | পটুয়াখালী, ফরিদপুর, শরীয়তপুর জেলার শিক্ষার্থীদের নিরাপত্তা সরঞ্জাম দেয়া হয়নি মর্মে সভায় জানানো হয়। | শিক্ষা উপকরণ সরবরাহ না করার কারণ ব্যাখ্যা দিতে হবে। | সহকারী পরিচালক, জেউশিব্যু, পটুয়াখালী, ফরিদপুর, শরীয়তপুর জেলা। |
| ২. | পটুয়াখালী, চাঁদপুর, শরীয়তপুর, ফরিদপুর, বান্দরবান জেলার শিক্ষার্থীদের ক্লাসের ভিটি ম্যাটেরিয়াল (পর্যাপ্ত) নাই মর্মে সভায় জানানো হয়। | শিক্ষা উপকরণ সরবরাহ না করার কারণ ব্যাখ্যা দিতে হবে। | সহকারী পরিচালক, জেউশিব্যু, পটুয়াখালী, চাঁদপুর, শরীয়তপুর, ফরিদপুর, বান্দরবান জেলা। |
| ৩. | পটুয়াখালী জেলায় এফএমএ পরিদর্শন কম হয়েছে মর্মে সভায় জানানো হয়। | পরিদর্শন কম করার কারণ ব্যাখ্যা দিতে হবে। | সহকারী পরিচালক, জেউশিব্যু, পটুয়াখালী জেলা। |
| ৪. | চাঁদপুর জেলায় ছবিসহ শিক্ষার্থী প্রোফাইল প্রস্তুত করা হয়নি মর্মে সভায় জানানো হয়। | প্রোফাইল প্রস্তুত না করার কারণ ব্যাখ্যা দিতে হবে। | সহকারী পরিচালক, জেউশিব্যু, চাঁদপুর জেলা। |
| ৫. | চাঁদপুর, পটুয়াখালী, ফরিদপুর, শরীয়তপুর, নোয়াখালী, লক্ষ্মীপুর, বান্দরবান জেলায় কনসালটেশন সভা অনুষ্ঠিত হয়নি। | সহকারী পরিচালক, জেউশিব্যু, চাঁদপুর পটুয়াখালী, ফরিদপুর, শরীয়তপুর, নোয়াখালী, লক্ষ্মীপুর, বান্দরবান দ্রুত কনসালটেশন সভা আয়োজনের ব্যবস্থা নিবেন। | সহকারী পরিচালক, জেউশিব্যু, চাঁদপুর, পটুয়াখালী, ফরিদপুর, শরীয়তপুর, নোয়াখালী, লক্ষ্মীপুর, বান্দরবান জেলা। |
| ৬. | চাঁদপুর, শরীয়তপুর, ফরিদপুর, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর জেলায় নির্ধারিত মানদন্ড অনুযায়ী শিক্ষার্থী নির্বাচন করা হয়নি মর্মে সভায় জানানো হয়। | নির্ধারিত মানদন্ড অনুযায়ী শিক্ষার্থী নির্বাচন না করার কারণ ব্যাখ্যা দিতে হবে। | সহকারী পরিচালক, জেউশিব্যু, চাঁদপুর, শরীয়তপুর, ফরিদপুর, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর জেলা। |
| ৭. | নোয়াখালী, লক্ষ্মীপুর জেলার এফএমএ এর দায়িত্ব পালনে গাফিলতি পরিলক্ষিত হয় মর্মে জানা যায়। | দায়িত্ব পালনে গাফিলতি করার কারণ ব্যাখ্যা দিতে হবে। | সহকারী পরিচালক, জেউশিব্যু, নোয়াখালী, লক্ষ্মীপুর জেলা। |
| ৮. | লক্ষ্মীপুর জেলার সহাকারী পরিচালক কর্তৃক নিয়মিত কোর্স পরিদর্শন করা হয় নাই মর্মে জানা যায়। | নিয়মিত কোর্স পরিদর্শন না করার কারণ ব্যাখ্যা দিতে হবে। | সহকারী পরিচালক, জেউশিব্যু, , লক্ষ্মীপুর জেলা। |
| ৯. | বান্দরবান জেলায় শিক্ষার্থী উপস্থিতি কম মর্মে সভায় আলোচনা হয়। | শিক্ষার্থী উপস্থিতি কম হওয়ার কারণ ব্যাখ্যা দিতে হবে। | সহকারী পরিচালক, জেউশিব্যু, বান্দরবান জেলা। |

(খ) ভর্তিকৃত শিক্ষার্থী যাচাই সংক্রান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর প্রধান কার্যালয় হতে কর্মকর্তাগণ কর্তৃকপরিদর্শিত রিপোর্ট অনুযায়ী কোন কোন জেলায় নির্ধারিত মানদন্ড অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হয়েছে কি-না বিষয়টি নিয়ে পরিদর্শনকারী কর্মকর্তাগণ সন্দেহ পোষন করেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নির্ধারিত মানদন্ডের বাইরে কোন ভাবেই শিক্ষার্থী নির্বাচন করার সুযোগ নেই মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয় এবং কঠোর ভাবে যাচাইয়ের জন্য মতামত দেন। | **প্রত্যেক শিক্ষার্থীর সর্বশেষ উত্তীর্ণ শ্রেণীর স্বপক্ষে প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। সকল প্রত্যয়ন পত্র একত্রিত করে সহকারী পরিচালকগণ নিজ দপ্তরে সংরক্ষিত রাখবেন এবং তিনি একটি প্রত্যয়ন উশিব্যু সদর দপ্তরে প্রেরণ করবেন। নির্ধারিত মানদন্ডের অধিক যোগ্যতার শিক্ষার্থী থাকলে সংশ্লিষ্ট সহকারী পরিচালকগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।** | সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল) জেলা। |

(গ) বিভাগ ভিত্তিক উপপরিচালকগণ কর্তৃক মনিটরিং সংক্রান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| বিভাগের দায়িত্ব প্রাপ্ত উপপরিচালকগণ রবিবার হতে বৃহস্পতিবারের মধ্যে দায়িত্ব প্রাপ্ত বিভাগের তথ্যাদি টেলিফোনিক আলোচনার মাধ্যমে সংগ্রহ করবেন এবং সপ্তাহের প্রথম কার্যদিবসে মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করবেন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপপরিচালকগণ দায়িত্ব প্রাপ্ত বিভাগের তথ্যাদি সপ্তাহের প্রথম কার্যদিবসে মহাপরিচালক বরাবর উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (সকল) উশিব্যু। |

(ঘ) ডিসেম্বর/২০২৫ মাসের মাসিক প্রতিবেদন সংক্রান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| কিশোরগঞ্জ, টাংগাইল, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, গোপালগঞ্জ, ফরিদপুর, শরীয়তপুর, মেহেরপুর কুষ্টিয়া, নড়াইল, কুমিল্লা, বান্দরবান, খাগড়াছড়ি, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চট্টগ্রাম, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, বরিশাল, পটুয়াখালী, সিলেট, রাজশাহী, নওগাঁ, জয়পুরহাট, পাবনা, দিনাজপুর, পঞ্চগড় জেলা হতে ডিসেম্বর/২০২৫ মাসের মনিটরিং প্রতিবেদন পাওয়া যায় নাই। | নিয়মিত প্রতিবেদনের হার্ড কপি মহাপরিচালকের বরাবর এবং সফট কপি উপপরিচালক (মনিটরিং) বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়াও **ডিসেম্বর/২০২৫ মাসের প্রতিবেদন প্রেরণ না করার কারণ ব্যাখ্যা চাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।** | সহকারী পরিচালক, জেউশিব্যু সংশ্লিষ্ট (সকল) জেলা। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

০৩/০২/২৬

দেবব্রত চক্রবর্তী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-২২৬৬০১১১০

স্মারক নং ৩৮.০০.০০০০.৩০৬.০৬.০১৭.২২- ৯৬

তারিখ: ২০ মাঘ ১৪৩২ / ০৩ ফেব্রুয়ারি ২০২৬

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১। পরিচালক(প্রশাসন ও অর্থ/ পরিকল্পনা ,মনিটরিং ও মূল্যায়ন).উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
২। সিস্টেম এনালিষ্ট, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৩। উপপরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৪। সহকারী পরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (সকল) জেলা।
৭। অফিস কপি।

০৩/০২/২৬

(মোঃ রুহুল আমিন)
উপপরিচালক (মনিটরিং ও মূল্যায়ন)
ফোন: ০২-২২২৬৬০১১২৫